5

দৈনিক জনকণ্ঠ

তারিখ ··· JAN 13 1999
পৃষ্ঠা: ৫ কলাম ৪

ঢাবি পরিস্থিতি

# সংসদীয় স্থায়ী কমিটির অসন্তোষ ॥ একাধিক প্রো-ভিসি বিল চূড়ান্ত

স্টাফ রিপোর্টার ॥ দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিরাজমান পরিস্থিতিতে অসন্তোষ প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। সোমবার অনুষ্ঠিত কমিটির সভায় বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার উপযুক্ত পরিবেশ ফিরিয়ে আনতে কি কি করা যায় তা নিয়ে আগামীতে বিস্তারিত আলোচনার সিদ্ধান্ত নেয়া হয়। এই আলোচনায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং বিশেষজ্ঞদেরও ডাকা হবে।

কমিটির সভাপতি, আওয়ামী লীগের নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে অনুষ্ঠিত গতকালের বৈঠকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে একাধিক প্রো-ভিসি নিয়োগ সংক্রান্ত ৮টি বিল চূড়ান্ত করা হয়। বিলগুলো গত অধিবেশনে সংসদে উত্থাপনের পর পরীক্ষা নিরীক্ষার জন্য এই কমিটিতে পাঠানো হয়েছিল। বিলগুলো চূড়ান্ত করা হলেও কমিটির বিএনপি দলীয় দু'জন সদস্য আলমগীর কবীর এবং মশিউর রহমান এই সিদ্ধান্তে নোট অব ডিসেন্ট দেন। তাঁরা অভিযোগ করেন, সরকারী দলের সমর্থক শিক্ষকদের উচ্চপদে বসানোর জন্যই প্রো-ভিসি পদের সংখ্যা বাড়ানোর উদ্যোগ নেয়া হয়েছে। জবাবে কমিটির সভাপতি নাহিদ এবং সদস্য, শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেন, সব বিশ্ববিদ্যালয়েই ছাত্র সংখ্যা এবং প্রশাসনিক কাজকর্মের চাপ বেড়েছে যা একজন প্রো-ভিসিকে দিয়ে করানো অসম্ভব হয়ে পড়েছে। এরকম বিতর্কের মধ্যে দিয়ে চূড়ান্ত হওয়া বিলগুলো সংসদের বিবেচনার জন্য আসন্ন অধিবেশনে পেশ করা হবে। বৈঠকে অন্যান্যের মধ্যে আওয়ামী লীগের উপাধ্যক্ষ আব্দুস শহীদ, অধ্যাপক আব্দুল কুদ্দুস, কাজী সিরাজুল ইসলাম, জাতীয় পার্টির রওশান এরশাদ প্রমুখ অংশ নেন।